ভোরের কাগজ

তারিখ ... FEB 14 2000 ...
পৃষ্ঠা ২০ কলাম ৪

30

# বিএনপি ও জামাতপন্থী ৪ সদস্যের পদত্যাগ

*চ.বি.র অচলাবস্থা নিরসনে লিয়াজোঁ কমিটি কাজ শুরুর আগেই অচল*

**চ. বি. সংবাদদাতা :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিরাজমান অচলাবস্থা নিরসনের লক্ষ্যে পুনর্গঠিত লিয়াজোঁ কমিটির বিএনপি ও জামাতপন্থী চারজন সদস্যই গতকাল রোববার পদত্যাগ করেছেন। লিয়াজোঁ কমিটি কাজ শুরু করার আগেই এর চার সদস্যের পদত্যাগ বিশ্ববিদ্যালয় পরিস্থিতিকে নতুন করে সংকটের মুখে ফেলবে বলে আশঙ্কা করা হচ্ছে।

আট সদস্যের লিয়াজোঁ কমিটির চার সদস্য অধ্যাপক ড. মোঃ শামসুদ্দিন, অধ্যাপক মোঃ আবদুল হাকিম, অধ্যাপক মনসুর উদ্দিন আহমেদ এবং মোহাম্মদ জাফর গতকাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. জহুরুল আলম চৌধুরীর কাছে তাদের পদত্যাগপত্র পৌঁছে দিয়েছেন। রেজিস্ট্রার এই চার সদস্যের পদত্যাগপত্র প্রাপ্তির কথা স্বীকার করেছেন। উল্লেখ্য, গত বুধবার সন্ধ্যায় আট সদস্যের এই পুনর্গঠিত লিয়াজোঁ কমিটির নাম ঘোষণা করা হয়।

জানা গেছে, চার সদস্যই তাদের পদত্যাগপত্রে পদত্যাগের কারণ হিসেবে উল্লেখ করেছেন যে, 'বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থায় আলোচনার পরিবেশ নেই।'

এদিকে উপাচার্য প্রফেসর আবদুল মান্নান লিয়াজোঁ কমিটির চার সদস্যের পদত্যাগপত্র গ্রহণ করতে রেজিস্ট্রারকে নিষেধ করে দিয়েছেন বলে জানা গেছে। কর্তৃপক্ষ পদত্যাগী শিক্ষকদের সঙ্গে যোগাযোগ করছে।

শাটল ট্রেন চলাচল পুনরায় শুরু করার দাবিতে সাধারণ ছাত্রছাত্রীরা গতকাল দুপুরে চট্টগ্রামের কেন্দ্রীয় রেল ভবন (সিআরবি) ঘেরাও করে। তারা আগামীকাল মঙ্গলবার থেকে পুনরায় শাটল ট্রেন চলাচল শুরু করার জন্য কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছে।

**ক্যাম্পাসে অচলাবস্থা অব্যাহত, ছাত্রঐক্যের হরতাল ও অনশন কর্মসূচি**

শিবির ও ছাত্রদল নিয়ন্ত্রিত সর্বদলীয় ছাত্রঐক্যের ডাকা 'লাগাতার হরতালের' ত্রয়োদশ দিনে গতকালও ক্যাম্পাসের অবস্থা ছিল অপরিবর্তিত। দুপুরের দিকে ছাত্রলীগ ও ছাত্রশিবিরের নেতাকর্মীদের আলাদা আলাদাভাবে ফ্যাকাল্টি এলাকায় ঘোরাঘুরি করতে দেখা গেছে। প্রশাসনিক ভবন এবং বিভাগীয় অফিসগুলো খুললেও কাজকর্ম এবং শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি ছিল কম।

এদিকে, ছাত্রঐক্য আগামীকাল মঙ্গলবার চট্টগ্রাম-রাঙ্গামাটি সড়কে সকাল ৬টা-২টা পর্যন্ত সর্বাত্মক হরতাল কর্মসূচি ঘোষণা করেছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের অপসারণের দাবিতে গতরাতে ছাত্রঐক্য এই কর্মসূচি ঘোষণা করে। একই দাবিতে তারা ২০ ফেব্রুয়ারি সকাল ১০টা থেকে চট্টগ্রাম প্রেসক্লাবের সামনে গণঅনশন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে।